

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন নারী তার সামনে শুয়ে থাকলে, সেই বরাবর সালাত আদায় করা বৈধ মর্মে বর্ণনা

ذِكْنُ إِبَاحَةِ الصَّلَاةِ لِلْمَرْءِ بِحِذَاءِ الْمَرْأَةِ النَّائِمَةِ قُدَّامه

আরবী

2337 _ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بُن عُمَرَ قَالَ: سَمِعْتُ الْقَاسِمَ بْنَ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: بِنِسَمَا عَدَلْتُمونَا بِالْكَلْبِ فَالْحِمَارِ لَقَدْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلي وَأَنَا مُعْتَرِضَةٌ بَيْنَ يَدَيْهِ فَإِذَا أَراد أَن يوتِرَ غمزنى.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2337 | خلاصة حكم المحدث: صحيح... ((صحيح أبي داود)) (706): خ.

বাংলা

২৩৩৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "তোমরা যে আমাদেরকে কুকুর ও গাধার সমতুল্য বানিয়েছাে, সেটা কতইনা মন্দ কাজ। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত আদায় করতেন আমি তাঁর সামনে শুয়ে থাকতাম। অতঃপর যখন তিনি বিতর সালাত আদায় করার ইচ্ছা করতেন, তখন তিনি আমাকে স্পর্শ করতেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৪; সহীহ আল বুখারী: ৫১৯; আবূ দাউদ: ৭১২; নাসাঈ: ১/১০২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭০৬)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন